শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

২০ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২০২২ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ১৪/১২/২০২৩ ইং তারিখ বেলা ১২.০০ টায় কমিটির সভাপতি এবং ২০ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ তৌহিদুল ইসলাম)
কাউন্সিলর-২০ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি ২০ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ তৌহিদুল ইসলাম
প্যানেল মেয়র
কাউন্সিলর, ২০নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

........................
........................
........................

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

মোঃ তৌহিদুল ইসলাম
প্যানেল মেয়র
কাউন্সিলর, ২০নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

(মোঃ তৌহিদুল ইসলাম)
কাউন্সিলর-২০ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি ২০নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

০১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

## স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা

সভার তারিখঃ ২৪/১২/২০২৩ খ্রী.

| ক্রম | কমিটির সদস্যগণের নাম লিখবেন | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ তৌহিদুল ইসলাম | সভাপতি | |
| ২ | মোছাঃ ফেরদৌসী বেগম | সহ-সভাপতি | |
| ৩ | মোঃ সামসুল হক | সদস্য | |
| ৪ | রমেশ চন্দ্র দাস | সদস্য | |
| ৫ | মাসুম হাসান | সদস্য | |
| ৬ | মোঃ রফিকুল ইসলাম রাজু | সদস্য | |
| ৭ | সাইফুল হক রায়হান | সদস্য | |
| ৮ | উৎপল দে বাপ্পি | সদস্য | |
| ৯ | আব্দুল আজিজ | সদস্য | |
| ১০ | নাসির উদ্দিন | সদস্য | |
| ১১ | এনামুল হক রাজু | সদস্য | |
| ১২ | রেজাউল করিম রিংকু | সদস্য | |
| ১৩ | অজয় কুমার দাস | সদস্য | |
| ১৪ | মোছাঃ ময়না বেগম | সদস্য | |
| ১৫ | দিলারা বেগম | সদস্য | |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | ইসমাঈল হোসেন সাজু | সদস্য | সাজু |
| ১৭ | ইমরোজ হোসেন ইমু | সদস্য | ইমু |
| ১৮ | মোঃ শামীম সোহাগ | সদস্য-সচিব | Shamim 14.12.23 |

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

২০ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
১৪-১২-২০২৩ খ্রিষ্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-২০ নং ওয়ার্ড ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : ২০ নং কাউন্সিলরের নাম:- মো: তৌহিদুল ইসলাম
রংপুর সিটি কর্পোরেশন।

পরিচালনায় : উদ্যোক্তা/ওয়ার্ড সচিবের নাম:- মো: শামীম সোহাগ
২০ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন।

সভার স্থান : ২০ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
মুলাটোল থানা রোড, রংপুর সিটি কর্পোরেশন।

সময় : সকাল ১২.০০ টা

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ শামীম সোহাগ সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ডলেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি' তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়

1. উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মাসুম হাসান, তিনি বলেন রংপুর সিটি কর্পোরেশনের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে গেলে প্রথমে ওয়ার্ডের মাঠ পর্যায়ে নাগরিক সেবা প্রদান করতে হবে। এজন্য ওয়ার্ড কার্যালয়কে আরো আধুনিকায়ন ও ওয়ান ষ্টপ সার্ভিস চালু করতে হবে। তিনি আরো বলেন প্রতিটি ওয়ার্ড কার্যালয়কে জন্ম নিবন্ধনের পাসওয়াড দিতে হবে এতে করে নাগরিক গণ ওয়ার্ড কার্যালয় হতে দ্রুত অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধনের কপি হাতে পাবে।

2. উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি এনামুল হক রাজু তিনি পেশাজীবি সংগঠনের প্রতিনিধি হিসেবে তাকে কমিটিতে সদস্য রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি রংপুর সিটি কর্পোরেশনের মাধ্যমে সামাজিক উন্নয়নমুলক কর্মকান্ডকে আরো গতিশীল করতে ওয়ার্ডের নিম্ন শ্রেনীর মানুষের জীবন মান উন্নয়নের জন্য কর্মমুখী শিক্ষা ও ওয়ার্ড ভিত্তিক স্বাস্থ্য সেবা এবং প্রতিটি শিশু যেন টিকার আওতায় আসে সে বিষয়ে বক্তব্য রাখেন।

3. উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠনের প্রতিনিধি রেজাউল করিম রিংকু তিনি বলেন ২০ নং ওয়ার্ডে শিশুদের জন্য খেলাধুলার জন্য কোন মাঠের ব্যবস্থা নেই । তাই শিশুরা আজ বিভিন্ন নেশার দিকে ধাবিত হচ্ছে তাই ২০নং ওয়ার্ডে একটি মাঠ খুবেই প্রয়োজন তিনি আরো বলেন ২০ নং ওয়ার্ডে অনেক যুবক বেকার তাদের জন্য অল্প পরিসরে তাদেরকে প্রশিক্ষন দিয়ে তাদের কর্মসংস্থানের ব্যাপারে বক্তব্য রাখেন।

4. উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন নারী প্রতিনিধি দিলারা বেগম তিনি বলেন ২০নং ওয়ার্ডে অনেক অবহেলিত নারী রয়েছে তাদের কে কর্মমুখী প্রশিক্ষন দিয়ে উদ্দ্যেক্তা হিসেবে গড়ে তুলতে জরালো বক্তব্য রাখেন।

5. উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মুক্তিযোদ্ধা প্রতিনিধি ইসমাঈল হোসেন সাজু তিনি বলেন ২০ নং ওয়ার্ডে মেইন রোড কাউন্সিলর কার্যালয় হতে লক্ষি হলের ব্রিজ পর্যন্ত রাস্তাটি উচু করন ও আর সি সি করা প্রয়োজন এবং ওয়ার্ডে পর্যাপ্ত লাইটের ব্যবস্থা করতে হবে। এর পাশা পাশি তিনি বলেন ২০নং ওয়ার্ড যেহেতু শহরের প্রাণ কেন্দ্র সেহেতু ওয়ার্ডের উন্নয়নে সিটি কর্পোরেশনকে ২০নং ওয়ার্ডে পর্যাপ্ত বাজেট দিতে হবে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | ২০নং ওয়ার্ডের মাঠ পর্যায়ে নাগরিক সেবা প্রদান, ওয়ার্ড কার্যালয় গুলোকে ওয়ান স্টপ সার্ভিস চালু করন, ওয়ার্ড কার্যালয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের পাসওয়াড প্রদান। | |
| ০২ | ওয়ার্ড ভিত্তিক কর্মমুখী শিক্ষা চালু করন, ওয়ার্ড ভিত্তিক স্বাস্থ্য সেবা, ওয়ার্ডে পর্যাপ্ত টিকার ব্যবস্থা করা এবং কর্মমুখী শিক্ষা দিয়ে নারীদেরকে উদ্দ্যোক্তা হিসেবে গড়ে তুলা। | |
| ০৩ | কাউন্সিলর কার্যালয় হতে লক্ষি ব্রিজ পর্যন্ত রাস্তা উচু করন ও আর সি সি করন, ওয়ার্ডে পর্যাপ্ত লাইটের ব্যবস্থা করতে হবে এবং ২০ নং ওয়ার্ডে পর্যাপ্ত বাজেট দিতে হবে। | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: তৌহিদুল ইসলাম
কাউন্সিলর-২০ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি ২০ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ______ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

মো: ওয়া[illegible] (মিলন)
কাউন্সিলর [illegible] ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি [illegible]নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন


ওয়ার্ড লেভেল
সিটি কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন
সভাপতি
জনাব মোঃ তৌহিদুল ইসলাম
ওয়ার্ড নং: ২০
JICA